



ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে হাঁস প্রতীক পেলেন রুমিন ফারহানা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে স্বতন্ত্র প্রার্থী রুমিন ফারহানা হাঁস প্রতীক নিয়ে দাঁড়াবেন। বুধবার দুপুরে জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তার কার্যালয় থেকে তাকে প্রতীকটি দেওয়া হয়।

প্রতীক হাতে নিয়ে রুমিন ফারহানা বলেন, “আমার ভোটার আর সমর্থকরা আমাকে এই জায়গায় নিয়ে এসেছেন। ছোট ছোট শিশুদেরও দেখে চিৎকার শুনি—‘আমাদের হাঁস মার্কা’। তাই এই প্রতীক শুধু আমার নয়, তাদেরও।” তিনি আরও যোগ করেন, “আগে হাঁস চুরির ঘটনা ছিল, আমি সেটা মেনে নিইনি। এবারও কেউ যদি এমন কিছু করতে চায়, আমি অবশ্যই ব্যবস্থা নেব।”

অফিস সূত্রে জানা গেছে, ব্রাহ্মণবাড়িয়ার ছয়টি আসনে ১৩ জন প্রার্থী এবার নিজের প্রার্থিতা প্রত্যাহার করেছেন। এখন বৈধ প্রার্থীর সংখ্যা দাঁড়িয়েছে ৪৮ জন। দলীয় প্রার্থীরা তাদের দলীয় প্রতীক পেয়েছেন, স্বতন্ত্ররা তাদের পছন্দমতো প্রতীক পেয়েছেন।